



সংখ্যা: ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.২৪৯.২৪. ৫৫৬, ৫৮১

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেস রিলিজ

ঢাকা, ১০.০৮.২০২৫:

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত ১২ (বারো) সপ্তাহ মেয়াদে বিসিএস তথ্য (প্রকৌশল) ২১তম পেশাগত প্রবেশক প্রশিক্ষণ পাঠ্যধারার উদ্বোধন অনুষ্ঠান ১০ আগস্ট ২০২৫ খ্রি. রবিবার সকাল ০৯:৩০ মিনিটে ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মুহম্মদ হিরুজ্জামান এনডিসি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশ বেতারের মহাপরিচালক এ এস এম জাহীদ ও অতিরিক্ত মহাপরিচালক মু. আনোয়ার হোসেন মৃধা উপস্থিত ছিলেন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক বলেন, পেশাগত প্রবেশক পাঠ্যধারা বিসিএস তথ্য (প্রকৌশল) কর্মকর্তাদের চাকুরি স্থায়ীকরণের একটি অত্যাবশ্যকীয় শর্ত। পেশাগত দক্ষতা অর্জন, কাজে গতিশীলতা আনয়ন, উদ্বুদ্ধকরণ ও দায়িত্ববোধ জাগ্রতকরণের মাধ্যমে দেশ সেবায় অজিকারাবদ্ধ হতে আহ্বান করেন।

অনুষ্ঠানে বাংলাদেশ বেতারের মহাপরিচালক এ এস এম জাহীদ তার বক্তব্যে বেতারকে যুগোপযোগী করে তৈরি করার জন্য নবীন কর্মকর্তাদেরকে উদ্বুদ্ধ করেন।

এছাড়াও, বাংলাদেশ বেতারের অতিরিক্ত মহাপরিচালক মু. আনোয়ার হোসেন মৃধা তাঁর বক্তব্যে মিডিয়া কনভার্জেন্স, ইনফোমিডিয়াসহ যুগের চাহিদা অনুযায়ী কাজ করার আহ্বান জানান।

বাংলাদেশ বেতারের বিসিএস তথ্য (প্রকৌশল) ক্যাডার থেকে মোট ২১ জন কর্মকর্তা এ প্রশিক্ষণে অংশগ্রহণ করছেন।

অন্যান্যের মধ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ড. মো: মারফ নাওয়াজ এবং পাঠ্যধারা পরিচালক তানিয়া খান সভায় বক্তৃতা করেন। অনুষ্ঠানে ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) মোসাম্মৎ রহিমা আক্তারসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ:

- ০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
- ০২। মুখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশে টিভি/এনটিভি/সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/ কমিউনিটি বেতারসমূহ।
- ০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। কার্যালয় নথি।